জামায়াতের আমিরের সঙ্গে ইইউ পর্যবেক্ষক দলের সাক্ষাৎ



ছবি: সংগৃহীত

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের সঙ্গে ইউরোপীয় ইউনিয়নের নির্বাচন পর্যবেক্ষণ মিশনের প্রধান ও ইউরোপীয় পার্লামেন্ট সদস্য ইভারস ইজাবসের নেতৃত্বে ১৫ সদস্যের একটি প্রতিনিধি দল সৌজন্য সাক্ষাৎ করেছেন।

মঙ্গলবার সকাল ১১টায় কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত বৈঠকে বাংলাদেশ–ইইউ সম্পর্ক এবং আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ ও গ্রহণযোগ্য করতে যৌথভাবে কাজ করার বিষয়ে আলোচনা হয়।

পাশাপাশি সাংবিধানিক ও গণতান্ত্রিক প্রতিষ্ঠান শক্তিশালী করার বিষয়ে মতৈক্য প্রকাশ করা হয়।

ইইউ পক্ষ জানায়, নির্বাচনে পর্যবেক্ষণের জন্য প্রায় ২০০ সদস্যের দল কাজ করবে। ভবিষ্যতেও দ্বিপক্ষীয় সহযোগিতা ও উন্নয়নধারা অব্যাহত থাকবে বলে আশা প্রকাশ করা হয়।

বৈঠকে জামায়াতের কেন্দ্রীয় নেতারা উপস্থিত ছিলেন।

LENS ASIA